

নয়া দিগন্ত

ঢাকা, শুক্রবার ১১ কার্তিক ১৪২৫. ২৬ অক্টোবর ২০১৮

কিউএস র্যাংকিংয়ে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মধ্যে শীর্ষে ইউআইইউ

কিউএস র্যাংকিং এশিয়া-২০১৯ তালিকায় বাংলাদেশের বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মধ্যে শীর্ষস্থানে রয়েছে ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি এবং এশিয়ায় এর অবস্থান (৩০১-৩৫০)-এর মধ্যে। এতে বাংলাদেশ থেকে ১২৭তম অবস্থান নিয়ে শীর্ষে আছে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ১৭৫তম স্থান নিয়ে দ্বিতীয় অবস্থানে আছে বয়েট। বাংলাদেশ থেকে র্যাংকিং তালিকায় স্থান পাওয়া ছয়টি বিশ্ববিদ্যালয়ের মধ্যে শীর্ষস্থানে থাকা বেসরকারি বিশ্ববিদ্যালয় হচ্ছে ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, এরপর ব্র্যাক ইউনিভার্সিটি এবং নর্থসাউথ ইউনিভার্সিটি। ক্যাককুয়ারেলি সাইমন্স বা কিউএস বিশ্বের অন্যতম গ্রহণযোগ্য বিশ্ববিদ্যালয় র্যাংকিং প্রতিষ্ঠান। বিজ্ঞপ্তি।